

নিবন্ধন ও উপ-আইন সংশোধনঃ

উপ-আইন নিবন্ধনের মাধ্যমে ১টি সমবায় সমিতি আইনগত ভিত্তি লাভ করে। সমিতির সাধারণ সদস্যদের সিদ্ধান্তের আলোকে উপ আইন পরিবর্তন করা হয়। সকল প্রকার প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধনকারী কর্তৃপক্ষ হলেন জেলা সমবায় অফিসার। বিভাগীয় যুগ্ম নিবন্ধক কর্তৃক সকল প্রকার কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন করা হয়। নিবন্ধক কর্তৃক সকল জাতীয় সমবায় সমিতি নিবন্ধন করা হয়। সমবায় সমিতি নিবন্ধনের জন্য নিবন্ধন ফি প্রদান করতে হয়। এ ক্ষেত্রে সর্বনিম্ন ফি ৫০/- টাকা এবং সর্বোচ্চ নিবন্ধন ফি ৫০০০/- টাকা। নিবন্ধন ফি সরকারী রাজস্ব।

ব্যবস্থাপনা, অডিট, পরিদর্শন ও অবসায়নঃ

সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিকভাবে নির্বাচিত কমিটি কর্তৃক পরিচালিত হয়। নির্বাচিত কমিটি না থাকলে নিবন্ধক কর্তৃক আইনের আওতায় অর্ন্তবর্তী কমিটি নিয়োগ করা হয়। এই কমিটি সমিতির ব্যবস্থাপনা পরিচালনা করেন। নিবন্ধক কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কোন কর্মচারী বা ব্যক্তি দ্বারা সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বার্ষিক নিরীক্ষা সম্পাদান করা হয়। সমিতিতে সংগঠিত যে কোন অনিয়ম নিবন্ধক পরিদর্শন কিংবা তদন্তের মাধ্যমে নিস্পত্তি করেন। সমিতির মধ্যে সৃষ্ট যে কোন বিরোধ নিবন্ধককে জানানো হলে তিনি সালিশকারী নিয়োগ করবেন। সালিশকারী ন্যায় বিচার সমতা ও সুবিবেচনা প্রসূতভাবে নির্ধারিত সময়ের মধ্যে রায় প্রদান করেন। রায়ে কেউ সংযুক্ত হলে আপীল করার সুযোগ থাকে। সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে নিবন্ধক সমিতি কে অবসায়ন করতে পারেন। আবার সদস্যদের আগ্রহের কারণে অবসায়ন আদেশ প্রত্যাহার করতে পারেন।

প্রশিক্ষণঃ

প্রশিক্ষণ সেবা প্রদানের জন্য কুমিল্লা শহরে উপকণ্ঠে কোটবাড়ীতে রয়েছে দেশের শীর্ষ সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ সমবায় একাডেমী। এছাড়াও আঞ্চলিক পর্যায়ে নরসিংদী, মুন্সিগাছা, ফরিদপুর, মৌলভীবাজার, খুলনা, কুষ্টিয়া, বরিশাল, নওগাঁ ও রংপুরে ০৯ টি আঞ্চলিক সমবায় ইনিষ্টিটিউট রয়েছে। রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে এবং সমবায় উন্নয়ন তহবিলের অধীনে এ সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে মাধ্যমে ০১) পেশাগত দক্ষতার উন্নয়ন ০২) সচেতনতা সৃষ্টি ০৩) সমবায় ব্যবস্থাপনা ও বিভিন্ন আয়বর্ধনমূলক কোর্সে প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে।

সমবায় অধিদপ্তরের ঢাকাস্থ সদর কার্যালয়, বাংলাদেশ সমবায় একাডেমী কুমিল্লা, রংপুর এবং খুলনা আঞ্চলিক সমবায় ইনিষ্টিটিউটে অবস্থিত মোট ০৪ টি আধুনিক কম্পিউটার ল্যাব এর মাধ্যমে সমবায় সমিতির সদস্য ও সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের আধুনিক তথ্য প্রযুক্তিগত প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে।

ভৌত সুবিধা প্রদানঃ

সমবায় ভবনে অবস্থিত তিতাস ও আত্রাই নামে ০২ টি শীততাপ নিয়ন্ত্রিত আধুনিক সম্মেলন কক্ষ নির্ধারিত সার্ভিস চার্জ প্রদানের স্বাপেক্ষে বিভিন্ন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান তাদের চাহিদা অনুযায়ী ব্যবহার করতে পারেন।

অভিযোগ ও নিস্পত্তিঃ

উপজেলা পর্যায়ে অভিযোগসমূহ উপজেলা সমবায় কর্মকর্তা বরাবর দাখিল করতে হবে। জেলা পর্যায়ে অভিযোগসমূহ জেলা সমবায় কর্মকর্তা বরাবর দাখিল করতে হবে। বিভাগীয় পর্যায়ে অভিযোগসমূহ বিভাগীয় সমবায় কর্মকর্তা বরাবর দাখিল করতে হবে। সমবায় অধিদপ্তরের কোন অভিযোগ থাকলে তা নিবন্ধক বরাবর দাখিল করতে হবে।